



রেজিস্ট্রার

গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

গোপালগঞ্জ-৮১০৫

স্মারক নং: গোবিপ্রবি/র/জ.প্র/শাখা-২/২০২৬/৩১(৪)/২৮৭

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩৩
২০ এপ্রিল ২০২৬


অফিস আদেশ

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, অত্র বিশ্ববিদ্যালয় শিক্ষকগণের আপগ্রেডেশনের নিমিত্তে ০৩/১১/২০২৫ তারিখে অনুষ্ঠিত ৪১তম রিজেন্ট বোর্ড সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

“ডিউডেট ব্যতিরেকে স্ব-স্ব পদের জন্য নির্ধারিত সময় পূরণ হওয়া সাপেক্ষে অর্থাৎ যে পদে আপগ্রেডেশন/নিয়োগ প্রাপ্তি প্রত্যাশা করেন সে পদের পূর্ববর্তী পদের জন্য নির্ধারিত সময়কাল/চাকুরীকাল অবশ্যই পূরণ করতে হবে এবং প্রথম আপগ্রেডেশন প্রাপ্তির পর দ্বিতীয় বা তদুর্ধ্ব আপগ্রেডেশনের ক্ষেত্রে শুধুমাত্র বর্তমানে কর্মরত প্রতিষ্ঠানের (গোবিপ্রবি) সক্রিয় চাকুরীকাল গণনাযোগ্য হবে মর্মে কমিটি সুপারিশ করছে। উক্ত সুপারিশ শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারী সকলের জন্য প্রযোজ্য হবে অর্থাৎ প্রভাষক-সহকারী অধ্যাপক (প্রথম আপগ্রেডেশন)- সহযোগী অধ্যাপক (দ্বিতীয় আপগ্রেডেশন)- অধ্যাপক (তৃতীয় আপগ্রেডেশন) চাকুরীকাল”

উপর্যুক্ত বর্ণনায় এটি স্পষ্ট যে, প্রথম আপগ্রেডেশন ব্যতিরেকে অন্য কোনো পদে আপগ্রেডেশনের ক্ষেত্রে যে পদে আপগ্রেডেশন প্রত্যাশা করেন তার পূর্ববর্তী পদে এই বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত যোগ্যতায় নির্ধারিত চাকুরীকাল এই বিশ্ববিদ্যালয়েই সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য, পূর্ববর্তী আপগ্রেডেশনের ক্ষেত্রে প্রার্থীর যোগ্যতা অনুসারে নির্ধারিত চাকুরীকাল সম্পন্ন করছেন মর্মে পরিগণিত হবে। বিষয়টি আপগ্রেডেশন সংক্রান্ত জটিলতা নিরসনের জন্য এ ব্যাখ্যা প্রদান করা হলো।




(মো: এনামউজ্জামান)
রেজিস্ট্রার
গোবিপ্রবি, গোপালগঞ্জ।

স্মারক নং: গোবিপ্রবি/র/জ.প্র/শাখা-২/২০২৬/৩১(৪)/২৮৭(৫৫)

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩৩
২০ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। সকল অনুযদ/ইসিটিউট/বিভাগ/হল/দপ্তর প্রধান গোবিপ্রবি, গোপালগঞ্জ
- ২। পরিচালক, আইসিটি সেল, গোবিপ্রবি, গোপালগঞ্জ (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধসহ)
- ৩। পরিচালক (জনসংযোগ), জনসংযোগ দপ্তর, গোবিপ্রবি, গোপালগঞ্জ
- ৪। পিএস টু ভাইস চ্যান্সেলর, গোবিপ্রবি, গোপালগঞ্জ (ভাইস চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)
- ৫। পিএস টু প্রো-ভাইস চ্যান্সেলর, গোবিপ্রবি, গোপালগঞ্জ (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের জ্ঞাতার্থে)
- ৬। পিএ টু ট্রেজারার, গোবিপ্রবি, গোপালগঞ্জ (ট্রেজারার মহোদয়ের জ্ঞাতার্থে)
- ৭। পিএ টু রেজিস্ট্রার, গোবিপ্রবি, গোপালগঞ্জ
- ৮। অফিস নথি
- ৯। মহানথি



(মো: মোরাদ হোসেন)
উপ-রেজিস্ট্রার